গাংনীতে প্রেমিকার আত্মহত্যার খবরে প্রেমিকেরও বিষপান

প্রেমিকা রুবিনার আত্মহত্যার খবর শুনে প্রেমিক রিংকুও বিষপান করে হাজির হলেন মৃত প্রেমিকার বাড়িতে। প্রেমিক রিংকুকে পরিবারের লোকজন উদ্ধার করে প্রথমে বামন্দীর স্থানীয় একটি ক্লিনিকে ও পরে সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে। তার অবস্থা আশংকাজনক বলে জানা গেছে।

আজ সোমবার (৩ জুলাই) সকাল ৯ টার দিকে ঘটনাটি ঘটেছে গাংনী উপজেলার ব্রজপুর গ্রামের ঈদগাঁহ পাড়ায়।
রুবিনা খাতুন গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের ব্রজপুর গ্রামের ঈদগাঁহ পাড়ার রবিউল ইসলামের মেয়ে। রিংকু একই উপজেলার দেবিপুর গ্রামের ফইমদ্দিনের ছেলে। সে একজন গার্মেন্টস ব্যবসায়ী।

স্থানীয় সূত্রে জানা যায়, ঈদুল আযহার আগের দিন রুবিনা খাতুনের বিয়ে হয় কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার নাটনাপাড়া গ্রামের সৈকত আলীর ছেলে সবুজের সাথে।
ঈদের পর দিন স্বামী সহ রুবিনা খাতুন মায়ের বাড়িতে অষ্টমঙ্গলে আসে। বিয়ের ৫ দিনের মাথায় আজ সোমবার সকালে রুবিনা নিজ কক্ষের আড়ের সঙ্গে গলায় ফাঁস নিয়ে আত্মহত্যা করে।

রুবিনার আত্মহত্যার খবর শুনে দেবিপুর গ্রামের ফইমদ্দিনের ছেলে রিংকুও বিষপান করে রুবিনার বাড়িতে এসে হাজির হন।
জানা গেছে, রুবিনা তার নানা বাড়ি দেবিপুর গ্রামে থেকে লেখাপড়া করতো। রিংকুর কাছে প্রাইভেট পড়ার সূত্র ধরে তাদের মধ্যে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। বিষয়টি জানা জানি হলে রুবিনার পরিবারের লোকজন তাকে নিয়ে জোর করে বিয়ে দেন। বিয়ে মেনে না নিয়ে আত্মহত্যা করেছে বলে জানান স্থানীয়রা।

তবে রুবিনার মা সুমাইয়া খাতুন বলেন, আমার মেয়ে হঠাৎ করেই আত্মহত্যা করেছে। রিংকুর সাথে প্রেমের সম্পর্ক ছিল কিনা আমরা আমরা কিছুই জানিনা।

খবর পেয়ে ভবানীপুর পুলিশ ক্যাম্পের একটি দল ঘটনাস্থলে উপস্থিত হয়েছে।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ ঘটনার

সত্যতা নিশ্চিত করেছেন।

আওয়ামীলীগের ত্যাগী নেতাকর্মীদের মুল্যায়ন করতে হবে—বক্তারা

প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের হাত থেকে আওয়ামীলীগকে বাঁচাতে হবে। উড়ে এসে জুড়ে বসা এমপি বা মন্ত্রী নয় আওয়ামীলীগের ত্যাগী নেতাকর্মীদের যারা মুল্যায়ন করবে, তাদের পাশে থাকবে এমন নেতাকে মনোনয়ন দিতে হবে। সামনে পুলিশ পেছনে পুলিশ নিয়ে নয়, ত্যাগী নেতা কর্মীদের পাশে নিয়ে চলবে সেই নেতাকে আমরা চাই। মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগ কর্তৃক আয়োজিত ঈদ শুভেচ্ছা মিটিং এ এসব কথা বলেন বক্তারা।

জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি আওয়ামীলীগের ত্যাগী নেতাকর্মীদের বাদ দিয়ে হাইব্রীড নেতাকর্মীদের মুল্যায়ন করা ও তাদের দিয়ে বিভিন্ন প্রকল্পের কাজ করানোর তীব্র সমালোচনা করা হয়।

আজ রবিবার (২ জুলাই) বিকালে দারিয়াপুর হাট প্রাঙ্গনে এই ঈদ শুভেচ্ছা মিটিং এর আয়োজন করা হয়।

দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সহ-সভাপতি আব্দুর রশিদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই শুভেচ্ছা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামীলীগের সহসভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জেলা আওয়ামীলীগের সহসভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, সদর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামীলীগের শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক এবং সাবেক ঢাবি ছাত্রনেতা এমএএস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, জেলা

যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক সাজ্জাদুল ইসলাম, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম মোল্লা, জেলা যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক টনিক বিশ্বাস, মুজিবনগর উপজেলা কৃষকলীগের সাবেক সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, মেহেরপুর জেলা পরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক কুতুব উদ্দীন, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক রেজাউল হক রেজা, মেহেরপুর জেলা যুবলীগের সদস্য ইয়ানুস আলী, মুজিবনগর উপজেলা কৃষকলীগের সাবেক সাধারণ সম্পাদক মনিরুজ্জামান টিটো, দারিয়াপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি আহসানুল হক।

সমাবেশে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের বিভিন্ন স্তুরের নেতা কর্মী ছাড়াও যুবলীগ, কৃষকলীগ, স্বেচ্ছাসেবকলীগ ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন জেলা আওয়ামীলীগের সদস্য ও মুজিবনগর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান কামরুল হাসান চান্দু।

মুজিবনগরে স্থানীয় সাংবাদিকের সহযোগিতায় মানসিক প্রতিবন্ধী খুঁজে পেল পরিবার

মেহেরপুরের মুজিবনগরে দীর্ঘ চার বছর ধরে নিখোঁজ মানসিক প্রতিবন্ধী মিন্টু বাগচি মুজিবনগরের স্থানীয় সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান(শের খান) ও সানোয়ার হোসেন ডালিম এর সহযোগিতার মাধ্যমে ফিরে পেয়েছে তার পরিবার।

মিন্টু বাগচি গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলার হাইসুর গ্রামের নারায়ণ বাগচির ছেলে।

এ সম্পর্কে স্থানীয় সাংবাদিক হাসান মুস্তাফিজুর রহমান (শের খান) জানান, গত শনিবার সহকর্মী ডালিমের মাধ্যমে জানতে পারি যে

শুক্রবার রাতে মুজিবনগর থানার টহল পুলিশ একজন মানসিক প্রতিবন্ধীকে আহত অবস্থায় মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ভর্তি করেছে।

গতকাল শনিবার সকালে আমরা হসপিটালে গিয়ে তাকে সেখানে ভর্তি অবস্থায় পাই এবং বিভিন্নভাবে তার সাথে কথা বলে তার পরিচয় উদ্ধারের চেষ্টা করি এবং জানতে পারি যে তার নাম মিন্টু বাগচি তার বাড়ি হাইসূর যেহেতু নামটা আমাদের অপরিচিত সেহেতু আমরা অনেক চেষ্টার পর জানতে পারি যে গ্রামটি গোপালগঞ্জ জেলায় এবং কাশিয়ানী উপজেলায়। পরে আমি আমার ভোরের কাগজের কাশিয়ানী উপজেলা প্রতিনিধি মামুন ভাই কে ফোন দিলে তিনি সেখানকার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং হাইসূর গ্রামের একটি বৃদ্ধাশ্রমের পরিচালক কে জানান। বেলা চারটার দিকে মিন্টু বাগচীর পরিবার আমার সাথে যোগাযোগ করে এবং তার চাচাতো ভাই পার্থ বাগচী শনিবার রাত দশটার সময় মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এ আসেন তার কাছ থেকে আমরা জানতে পারি যে মিন্টু বাগচী ২০১৮ সাল থেকে মানসিক সমস্যায় ভুগছে তার চিকিৎসার উদ্দেশ্যে তার মা তাকে ইন্ডিয়ায় নিয়ে গিয়েছিল ২০১৯ সালের মাঝামাঝি সেখান থেকে সে নিখোঁজ হয়। অনেক খোঁজাখুঁজি করার পরও তার সন্ধান পাওয়া যায়নি সে কিভাবে ভারত থেকে বাংলাদেশে এসেছে তা আমরা বলতে পারব না। ঈশ্বরকে অনেক ধন্যবাদ যে দীর্ঘ চার বছর পরে আমরা আমাদের ভাইকে ফেরত পেয়েছি।

পার্থ বাগচি আজ রবিবার সকালে হাসপাতালে চিকিৎসা শেষে দীর্ঘ চার বছর পর তার ভাই মিন্টু বাগচিকে নিয়ে সে নিজ গ্রাম গোপালগঞ্জের হাইসূরের রওনা হয়।

এফসিবিকে টাইব্রেকারে হারিয়ে শিরোপা নিলো মোনাখালী ইউনিয়ন একাদশ

মেহেরপুরে প্রথমবারের মতো শুরু হওয়া “মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩” এর পর্দা নেমেছে। মেহেরপুর সরকারি কলেজ ফুটবল

মাঠে “মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩” এই আয়োজন শুরু হয়েছিল ২ জুন।

গতকাল শনিবার (১ জুলাই) বিকালে দর্শকদের মাঝে টান টান উত্তেজনা, আক্রমন পাল্টা আক্রমনের মধ্য দিয়ে মেহেরপুর স্টেডিয়ামে মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর প্রতিযোগিতার পর্দা নামলো।

ফাইনাল খেলায় মোনাখালী ইউনিয়ন একাদশ ও ফাস্ট ক্যাপিটাল অব বাংলাদেশ (এফসিবি) অংশ নেয়। ফাইনালে নির্ধারিত সময়ের খেলা ১-১ গোলে ড্র থাকলে টাইব্রেকারে গড়ায় ম্যাচ। ভাগ্য নির্ধারণী টাইব্রেকারে ৩-২ গোলে এফসিবিকে হারিয়ে মোনাখালী ইউনিয়ন একাদশ চ্যাম্পিয়ন শিরোপা জিতে নেন।

টুর্নামেন্টের ম্যান অফ দি ম্যাচ ও ম্যান অফ দি টুর্নামেন্ট নির্বাচিত হন মোনাখালী ইউনিয়ন একাদশের গোলরক্ষক সুমন আহম্মেদ এবং সর্বোচ্চ গোলদাতা নির্বাচিত হয়েছেন বাওট শাপলা ক্লাবের অধিনায়ক সেলিম রেজা।

খেলা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল, মেহেরপুর পৌর সভার সাবেক চেয়ারম্যান ও কৃতি ফুটবলার আব্দুর রহমান, আনিশা গ্রুপ ও রাজধানী টিভির চেয়ারম্যান এমএএস ইমন, রাঙামাটির যুগ্ম জেলা জজ ও মেহেরপুরের কৃতি সন্তান মিল্টন হোসেন, মেহেরপুর জেলা

প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম।

এসময় মেহেরপুর পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইমতিয়াজ বিন হারুন জুয়েল, জনতা ব্যাংকের সাবেক এজিএম ও কৃতি ফুটবলার আব্দুস সামাদ, সাবেক সহকারি অধ্যাপক ও কৃতি খেলোয়াড় শামীম বসির, প্রিমিয়াম সুইটস এর কান্ট্রি ডিরেক্টর মাহবুবুর রহমান বকুল,বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের কার্ডিওলজি রেসিডেন্ট ডা. সজীব উদ্দীন স্বাধীন উপস্থিত ছিলেন।

টুর্নামেন্টে চ্যাম্পিয়ন দল মোনাখালী ইউনিয়ন একাদশকে ৫০ হাজার টাকার প্রাইজমানি ও ট্রপি এবং রানার্স আপ দলকে ৩০ হাজার টাকার প্রাইজমানি ও ট্রপি তুলে দেওয়া হয়। এছাড়া সেমিফাইনালে অংশ নেওয়া দুটি দল বাগোয়ান ইউনিয়ন একাদশ ও বাওট শাপলা ক্লাবকে ৫ হাজার টাকার প্রাইজমানি তুলে দেওয়া হয়।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, টুর্নামেন্টের আহবায়ক এমদাদুল হক, সদস্য সচিব মাহাবুব চান্দু, নির্বাহী সদস্য মাসুদ করিম ধলস, মনিরুল ইসলাম মনি, আনোয়ারুল হক কালু, হাসানুজ্জামান বাবু, জাহাঙ্গীর আলম, শামীম জাহাঙ্গীর সেন্টু, সামসুজ্জামান শামীম, আমিরুল ইসলাম অল্ডাম, মনিরুজ্জামান মঞ্জা, ইয়ারুল ইসলাম ও সেলিম রেজা।

খেলায় রেফারি ছিলেন, আব্বাছ উদ্দীন, সহকারি রেফারি ছিলেন, মাহবুব হোসেন ও সোহেল রানা।

মেহেরপুরে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের শাখা উদ্বোধন

মেহেরপুর মহিলা কলেজ মোড় আইছুন পার্কে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন মেহেরপুর শাখা উদ্বোধনের আয়োজন করা হয়।

রবিবার বিকেলে মেহেরপুর মহিলা কলেজ মোড় আইছুন পার্কের ২য় তলায় বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন মেহেরপুর শাখার উদ্বোধন করা হয়।

প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি জুম মিটিং-এর মাধ্যমে উপস্থিত ছিলেন বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মো: আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন কুষ্টিয়া রিজিওনাল অফিসের রিজিওনাল ম্যানেজার মো: রিয়াজ উদ্দিন, কুষ্টিয়া শাখা ম্যানেজার মো: আসাদুজ্জামান, মেহেরপুর সোনালী ব্যাংকের ম্যানেজার তৌহিদুল ইসলাম, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন মেহেরপুর শাখার ম্যানেজার বিপ্লব বসাক।

উদ্বোধনের সময় বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিচার করতে এসে মহিলার কামড় খেলেন ইউপি সদস্য

বুড়িপোতা ইউনিয়নের যাদবপুর গ্রামের ইউপি সদস্য আলমগীর হোসেন লাল্টুর হাতে কামড় দিয়ে মাংস তুলে নিলেন তার ওয়ার্ডের ভোটার সকিনা খাতুন। আহত ইউপি সদস্য আলমগীর হোসেনকে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়েছে।

ঘটনাটি ঘটেছে মেহেরপুর সদর উপজেলার যাদবপুর গ্রামে গতকাল শনিবার বিকালের দিকে।

প্রত্যক্ষদর্শিরা জানান, যাদবপুর গ্রামের দুলাল অবৈধভাবে রাস্তার উপর বাঁধ দিয়ে জলবদ্ধতা সৃষ্টি করে। এতে স্থানীয়রা এর প্রতিবাদ জানান। ইউপি সদস্য আলমগীর হোসেন লাল্টুকে স্থানীয়রা খবর দিলে লাল্টু সেখানে গিয়ে রাস্তার উপর বাঁধ সৃষ্টি করার প্রতিবাদ করে। এতে ক্ষিপ্ত হয়ে দুলালের স্ত্রী সকিনা খাতুন ইউপি সদস্য আলমগীর হোসেনের হাত কামড়ে মাংস তুলে নেন। পরে আলমগীর হোসেনের চিৎকারে প্রত্যক্ষদর্শিরা ছুটে এসে তাকে উদ্ধার করে। এঘটনার পর পরই উত্তেজিত জনতা সেই বাঁধ ভেঙ্গে গুড়িয়ে দেন।

মেহেরপুরে ২০১৩ ব্যাচের শিক্ষার্থীদের মিলন মেলা ও ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত

মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের এসএসএসি ব্যাচ-২০১৩ কর্তৃক মিলন মেলা ও প্রিতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

প্রীতি ক্রিকেট ম্যাচে কাঠগোলাপ, কৃষ্ণচূড়া, হাসনাহেনা ও কদমফুল দল অংশ নেন।

প্রীতি ম্যাচে কাঠগোলাপ বনাম হাসনাহেনা, দ্বিতীয় ম্যাচ কৃষ্ণচূড়া বনাম কদমফুল, ফাইনাল ম্যাচ হাসনাহেনা বনাম কদমফুলের মধ্যে অনুষ্ঠিত হয়।

ফাইনাল খেলায় কদমফুল সেরা নৈপুণ্য দেখিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। এর আগে ২০১৩ ব্যাচের শিক্ষার্থীদের দিনব্যাপি হই হুল্লোড় ও স্বতিচারণ অনুষ্টিত হয়।

ফিরে গেছি ৯১ এর সেই কৈশরে

দিনব্যাপি আড্ডা, স্মৃতিচারণ আর সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুরে এসএসসি ১৯৯১ এর ব্যাচের বন্ধুর বন্ধন মিলন মেলা ২০২৩ উদযাপিত হয়েছে।

মেহেরপুর কোর্ট রোডের শাধু বার্ন চার্চ মিলনায়তনে অনুষ্ঠিত মিলন মেলায় ১৯৯১ ব্যাচের প্রায় ২ শতাধিক বন্ধু অংশ নেন। মেহেরপুর প্রতিদিনের প্রকাশক ও রাজধানী টিভির চেয়ারম্যান এম এ এস ইমন, নিসান সাবের, মাহাবুবুল হক পোলেন, সামসুজ্জামান রন্টু, কাউছর আলী, ফররুক আহমেদ উজ্জল, রকিবুল হাসান রিপন।

আয়োজকরা বলেন, আজকের এই দিনে আবারও ফিরে গেছি ৯১ এর সেই কৈশরে। স্মৃতিচারণে ফিরে পেয়েছি আনন্দময় সেই দিনগুলি। এই আয়োজনের মধ্য দিয়ে বার বার মনে হচ্ছিল দুরন্তপনা।

আগামী নির্বাচন সংবিধানিকভাবেই হবে —-ডেপুটি স্পিকার টুকু

জাতীয় সংসদের ডেপুটি স্পিকার অ্যাডভোকেট শাসমুল হক টুকু বলেছেন, আগামী নির্বাচন সংবিধানিকভাবেই হবে। নির্বাচনে বাধাগ্রস্থ হওয়ার কোন সুযোগ নেই, বিশ্বের মোড়লরা একেকটি দেশকে একেকভাবে বিবেচনা করে কথা বলেন। একটি দেশের নির্বাচন ও রাষ্ট্র পরিচালনা সংবিধান সম্মতভাবেই চলে। এক্ষেত্রে কোন দেশের অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করা সমুচিত নয়।

গতকাল শনিবার (০১ জুলাই) দুপুরে গাংনী উপজেলার সাহেবনগর বহুমুখি মাধ্যমিক বিদ্যালয়ের ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগদানের সময় সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি উপরোক্ত

কথাগুলো বলেন।

মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের সভাপতিত্বে সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, জেলা পরিষদ চেয়ারম্যান মহা: আব্দুস সালাম, মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম, পুলিশ সুপার রাফিউল আলম, গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী।

প্রধান অতিথির বক্তব্যে ডেপুটি স্পিকার আরও বলেন, নির্বাচন কমিশন স্বাধীন, তাই নির্বাচন হবে অবাধ ও নিরপেক্ষ। আগামী জাতীয় সংসদ নির্বাচনে সব দল অংশ গ্রহণ করবে বলে আশা প্রকাশ করেন তিনি।

তিনি আরও বলেন, বর্তমান সরকারের মেয়াদ শেষে সংবিধান সম্মতভাবেই একটি জাতীয় নির্বাচন হবে। নির্বাচন কমিশন নির্বাচনের যাবতীয় ব্যবস্থাপনা করবে আর সাধারণ মানুষ ভোট দিয়ে একটি নতুন সরকার গঠনের সুযোগ দেবে। যা একটি গণতান্ত্রিক প্রক্রিয়া। এই নির্বাচনে সব দল অংশ গ্রহণ করবে। কারণ রাজনৈতিক দল গঠন করা হয় একটি নির্বাচনের মধ্য দিয়ে রাষ্ট্র ক্ষমতায় যাওয়ার। প্রতিটি দলের রাজনৈতিক দলের ইচ্ছে থাকে তারা রাষ্ট্র ক্ষমতায় গিয়ে জণগনের কল্যাণে কাজ করবে। তাই সব দল নির্বাচনে অংশ গ্রহণ করবে এটাই ডেপুটি স্পিকার হিসেবে আমার প্রত্যাশ।

অনুষ্ঠানের শুরুতে প্রধান অতিথি জাতীয় সংসদের ডেপুটি স্পিকার অ্যাডভোকেট শামসুল আলম টুকুকে গার্ড অব অনার দেয় পুলিশের একটি চৌকস দল।

অনুষ্ঠানে সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ের নবীণ প্রবীন ছাত্রছাত্রীসহ শিক্ষক ও এলাকার বিভিন্ন শ্রেণি পেশার মানুষ অংশ গ্রহণ করেন। নবীণ-প্রবীণ ছাত্রছাত্রীদের মিলনমেলায় রুপ নেয় অনুষ্ঠানটি।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার -৩

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের নিয়মিত অভিযানে ৩ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলার ২ আসামি ও গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার ১ আসামি রয়েছে।

গতকাল শনিবার দিবাগত রাত আজ রবিবার ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতদের (২ জুলাই) সকালের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।